



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

নং-১৮.১৪.০১৫৮.১২৫.০২.৩১৯(অংশ-১).২০২০- ২৪৩৯

তারিখ- ৩০/০৭/২০২০

“নিয়োগ বিজ্ঞপ্তি”

মোংলা বন্দর কর্তৃপক্ষের অধীন সরাসরি নিয়োগযোগ্য রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত স্থায়ী পদে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্তে প্রাপ্ত বয়স্ক বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	০১/০২/২০২০ তারিখে বয়স	নিয়োগ বিধি অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
১	জুনিয়র আউটডোর এ্যাসিস্ট্যান্ট ৯,৩০০-২২,৪৯০/-	১১৫	৩০ বৎসর	কমপক্ষে ২য় বিভাগে এইচ,এস,সি পাস। স্নাতক ডিগ্রীধারী প্রার্থী অগ্রাধিকার পাইবেন।

আবেদনের শর্তাবলী ও নিয়মঃ

- ১। প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন ঠিকানাঃ www.mpajobsbd.com । অনলাইনে আবেদন শুরুর তারিখঃ ০৫/০২/২০২০, সকাল ১০:০০ ঘটিকা এবং শেষ সময় তারিখ ২০/০২/২০২০ রাত ১২:০০ ঘটিকা।
- ২। অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক সফলভাবে সাবমিট করার পর ফাইনাল কম্পিউটার প্রিন্ট আউট কপির সাথে মোংলা বন্দর কর্তৃপক্ষ এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হতে ১০০/- (এক শত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য), ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩ কপি ছবি সংযুক্ত করে এবং খামের উপর পদের নাম উল্লেখপূর্বক পরিচালক (প্রশাসন), মোংলা বন্দর কর্তৃপক্ষ, ডাকঘর-মোংলা-৯৩৫১, জেলা-বাগেরহাট বরাবর ০৫/০৩/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
- ৩। আবেদনকারী অনলাইন আবেদনের ০১(এক) কপি সংরক্ষণ করবে। অনলাইনে আবেদন ফরম পূরণ ব্যতিরেকে স্বহস্তে পূরণকৃত আবেদন গ্রহণ করা হবে না। আবেদন পত্র ডাকযোগে অথবা কুরিয়ারযোগে প্রেরণ করতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৪। সংশ্লিষ্ট সকল সনদপত্রের (যদি থাকে) মূল সনদ ও ০১ কপি করে ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (যদি থাকে) মৌখিক পরীক্ষার সময় সংগে আনতে হবে যা সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মচারীর নামাঙ্কিত সীলমোহরসহ সত্যায়িত হতে হবে। সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মচারীর নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় সংগে আনতে হবে।
- ৫। বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে।
- ৬। যোগ্য প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময়সূচি মবক এর ওয়েব সাইট-www.mpa.gov.bd এ প্রকাশ করা হবে। www.mpajobsbd.com থেকে প্রবেশপত্র ডাউনলোড করে পরীক্ষার সময় সাথে আনতে হবে।
- ৭। ইতোপূর্বে এ পদে চাকুরীর জন্য যে সকল প্রার্থীগণ আবেদন করেছেন তাদের আবেদন বাতিল বলে গণ্য হয়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী তাদেরকে পুনরায় আবেদন করতে হবে।
- ৮। দরখাস্তে বর্ণিত কোন সনদপত্র, প্রত্যয়নপত্র ও ঘোষিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে দরখাস্ত বাতিলসহ ঐ দরখাস্তকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। সরকারি ও অন্যান্য সংস্থায় চাকুরীর প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ১০। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর হবে।
- ১১। সরকারি ছাড়পত্র ও প্রাক-পুলিশ প্রতিবেদন সন্তোষজনক প্রাপ্তি সাপেক্ষে নির্বাচিত প্রার্থীদের অনুকূলে নিয়োগপত্র ইস্যু করা হবে।
- ১২। কোন প্রকার তদবির/প্রভাব বিস্তার প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১৩। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিলের চূড়ান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১৪। কোটা সংক্রান্ত বিষয়ে সরকারী নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১৫। অনলাইন আবেদনের ক্ষেত্রে কোনরূপ সমস্যার সম্মুখীন হলে ২০/০২/২০২০ তারিখ পর্যন্ত msoftbd@gmail.com ঠিকানায় যোগাযোগ করা যাবে।

৩০/০৭/২০২০